

ভর্তি

ডেন্টালে ভর্তি পরীক্ষা আজ, ১ আসনের জন্য পরীক্ষার্থী ১২৬ জন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৮ ফেব্রুয়ারি ২০২৫, ০৬: ১৫



দেশের সরকারি বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আবেদন করেছেন ৬৮ হাজার ৬৮৪ জন। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মোট আসন ৫৪৫টি। সে হিসেবে প্রতি আসনের বিপরীতে ১২৬ জন ভর্তিছু প্রতিদ্বন্দ্বিতা করবেন। এবারও পাস নম্বর ৪০।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে প্রবেশপত্র ডাউনলোডের সময় বাড়িয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। পরীক্ষার এক ঘণ্টা আগে পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। এ সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন, ই-মেইল ও

টেলিফোনিক বার্তার পরিপ্রেক্ষিতে প্রবেশপত্র ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট গ্রহণের সময়সীমা আগামী ২৭/২/২০২৫ তারিখ সকাল ১০ টা থেকে ২৮/২/২০২৫ সকাল ৯.০০ টা পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময়ের মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ভর্তি পরীক্ষা কত নম্বরে—

লিখিত ভর্তি পরীক্ষা এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। লিখিত ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের প্রতিটি ১ (এক) নম্বর করে মোট নম্বর ১০০ (এক শ)। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন—জীববিজ্ঞান ৩০, রসায়ন ২৫, পদার্থবিজ্ঞান ২০, ইংরেজি ১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) ১০।

পরীক্ষার সময়কাল ১ (এক) ঘণ্টা। লিখিত পরীক্ষায় প্রতিটি সঠিক উত্তর প্রদানের জন্য ১ (এক) নম্বর প্রদান করা হবে। কোনো প্রশ্নের একাধিক উত্তর প্রদান করলে উত্তরটি ভুল বলে গণ্য হবে। প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) নম্বরের কম প্রাপ্তরা দেশে ভর্তিও বিদেশে বিডিএস/সমতুল্য কোর্সে ভর্তির অনুমতির জন্য অকৃতকার্য হিসাবে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাক্রমসহ ফল প্রকাশ করা হবে।

এসএসসি/‘ও’ লেভেল/সমমান ও এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ (একশত) নম্বর হিসেবে নির্ধারণ করে মূল্যায়ন করা হবে। এসএসসি/ও লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ১০ গুণ=৫০ নম্বর (সর্বোচ্চ) এইচএসসি/এ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ১০ গুণ =৫০ নম্বর (সর্বোচ্চ)।

দ্বিতীয়বার ভর্তি-ইচ্ছুকদের কত নম্বর কাটা—

পূর্ববর্তী বছরের (২০২৩ সালে) এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ৩ (তিন) নম্বর এবং পূর্ববর্তী বছরের (২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তিরত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ৬ (ছয়) নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

